



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৫৩৪৪/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৪৬৯৯

তারিখ: ১৪-০৮-২০২৩ খ্রি.

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ১৩-০৮-২০২৩ তারিখের আবেদন (আইডি- (২২০৮৫))

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলাধীন “আদাবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়” এর নিয়মিত ম্যানেজিং কমিটির বিরুদ্ধে জনাব মোঃ শাহরিয়ার বান্দা গং একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে “মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি” প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান ০৭ (সাত) অনুসারে কোন কোন বিষয় অনুসরণ করা হয়নি সে বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ তদন্ত প্রতিবেদন ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৪-০৮-২০২৩

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

০২৪৭৭৬২৭০৫

উপজেলা নির্বাহী অফিসার  
দৌলতপুর, কুষ্টিয়া

স্মারক সংখ্যা-বিঅ-৬/৫৩৪৪/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৪৬৯৯(৬)

তারিখ : ১৪-০৮-২০২৩ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
- ২। জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া।
- ৪। প্রধান শিক্ষক, আদাবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়, আদাবাড়ীয়া, দৌলতপুর, কুষ্টিয়া।
- ৫। জনাব মোঃ শাহরিয়ার বান্দা গং, অভিযোগকারী।
- ৬। অফিস নথি।

১৪-০৮-২০২৩

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

০২৪৭৭৬২৭০৫

তারিখ: ১৩/০৭/২০২৩ ইং

বরাবর

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

বিষয়: আদাবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়, দৌলতপুর, কুষ্টিয়া এর ম্যানেজিং কমিটি গঠনে অনিয়ম ও দুর্নীতির বিরুদ্ধে অভিযোগ প্রসঙ্গে।

জনাব

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, উপরিউক্ত বিষয়ের আলোকে নিম্ন স্বাক্ষরকারীগণ বিনয়ের সাথে জানাচ্ছি যে, গত ১০/০৮/২০২৩ ইং তারিখে আদাবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে নির্বাচন অনুষ্ঠিত হয়। উক্ত নির্বাচনে পরিলক্ষিত হয় যে, ভোটার তালিকায় নিবন্ধিত শিক্ষার্থী ছাড়াও অতিরিক্ত ৪৪ জন অনিবন্ধিত ও বেনামী অবিভাবক ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করেন। একই ভোটার দুই বা ততোধিক বার ভোট প্রদান, ২০ থেকে ২৫ জন নিয়মিত ছাত্র-ছাত্রীদের অবিভাবকগণকে ভোটার হিসেবে ভোটার তালিকায় সংযোজন না করা এবং সুকৌশলে নির্বাচন ছাড়াই জোরপূর্বক শিক্ষক প্রতিনিধি গঠন করেন। তাছাড়া প্রধান শিক্ষক এর অনুপস্থিতিতে, চারজন জ্যেষ্ঠ শিক্ষক থাকা সত্ত্বেও বর্তমান ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক (ক্রীড়া শিক্ষক) এর দায়িত্ব গ্রহণ ও নিয়োগ বাণিজ্যিকরণের লক্ষ্যে এলাকার জনগণের মনের বিরুদ্ধে শিক্ষা প্রতিষ্ঠানে অনিয়ম ও দুর্নীতি চালিয়ে যাচ্ছে, যা শিক্ষার পরিবেশ অক্ষুণ্ন রাখার জন্য যথেষ্ট প্রতিবন্ধক।

অতএব, মহোদয়ের নিকট প্রার্থনা শিক্ষা প্রতিষ্ঠানের পরিবেশ ও শিক্ষার মান ফিরিয়ে আনার জন্য উক্ত ম্যানেজিং কমিটি অনুমোদন না করে উপরিউক্ত বিষয়গুলো তদন্ত সাপেক্ষে দ্রুত সমাধান করতে আপনার মর্জি হয়।

এলাকাবাসীর পক্ষে-

১। মোঃ শাহরিয়ার বান্দা-

২। মোঃ শহিদুল ইসলাম-

৩। মোঃ আমজাদ আলী-

৪। মোঃ সোহেল রানা-

৫। মোঃ আব্দুল মান্নান-

৬। মোছাঃ মেরিনা খাতুন-

সংযুক্তি:

জাল ভোটার নম্বর, জাল অবিভাবকের নাম ও ছাত্র-ছাত্রীর নাম সমূহ।

অনুলিপি প্রদান:

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, শাহবাগ ঢাকা।

- ২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৩। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
- ৪। জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া।
- ৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা, দৌলতপুর, কুষ্টিয়া।
- ৬। উপজেলা শিক্ষা অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া।